# একাত্তরের গণহত্যা স্বীকৃতির দাবিতে মার্কিন প্রতিনিধি পরিষদে প্রস্তাব



৭১ এ বাংলাদেশে সংঘটিত গণহত্যার স্বীকৃতির দাবিতে যুক্তরাষ্ট্রের প্রতিনিধি সভায় একটি প্রস্তাব উত্থাপিত হয়েছে। ছবি: সংগৃহীত

বাংলাদেশের ১৯৭১ সালের গণহত্যাকে আনুষ্ঠানিক স্বীকৃতি দেওয়ার আহ্বান জানিয়ে মার্কিন প্রতিনিধি পরিষদে একটি প্রস্তাব উত্থাপিত হয়েছে। গত ২০ মার্চ প্রস্তাবটি উপস্থাপন করেন কংগ্রেসম্যান গ্রেগ ল্যান্ডসম্যান।

প্রস্তাবে মুক্তিযুদ্ধকালীন হত্যাযজ্ঞ, গণধর্ষণ ও ব্যাপক বাস্তুচ্যুতির বিষয় তুলে ধরে দায়ীদের জবাবদিহি নিশ্চিত করা এবং ধর্মীয় সংখ্যালঘুদের সুরক্ষার আহ্বান জানানো হয়। বিলটি পরবর্তী পর্যালোচনার জন্য হাউসের বৈদেশিক সম্পর্কবিষয়ক কমিটিতে পাঠানো হয়েছে।

নথিতে বলা হয়, ২৫ মার্চ ১৯৭১ রাতে পাকিস্তানি বাহিনীর অভিযান ছিল পরিকল্পিত দমন-পীড়নের অংশ, যেখানে বেসামরিক মানুষ, বুদ্ধিজীবী ও সংখ্যালঘুরা প্রধান লক্ষ্যবস্তুতে পরিণত হন। বিভিন্ন আন্তর্জাতিক প্রতিবেদন ও কূটনৈতিক বার্তায় এসব নৃশংসতার প্রমাণ উঠে এসেছে।

প্রস্তাবে আরও উল্লেখ করা হয়, মানবতাবিরোধী অপরাধ ও গণহত্যার ঘটনাগুলো স্বীকৃতি ও সংরক্ষণ করা ভবিষ্যৎ প্রজন্মের জন্য জরুরি। একই সঙ্গে এ ঘটনাকে গণহত্যা হিসেবে স্বীকৃতি দিতে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের প্রতি আহ্বান জানানো হয়েছে।

LENS ASIA